# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ২১. মদপানের উৎসাহ ও নির্দেশ / ৮. ১. ২১. ১. পবিত্র বাইবেলে মদের উল্লেখ ও ব্যবহারের ব্যাপকতা

মদ শব্দের অনুবাদে বাংলা বাইবেলের হেরফের আমরা ইতোপূর্বে আলোচনা করেছি। পবিত্র বাইবেলে প্রায় আড়াই শত স্থানে ওয়াইন (wine) বা মদের উল্লেখ রয়েছে। অধিকাংশ স্থানেই মদপানের নির্দেশ, অনুমোদন বা বর্ণনা বিদ্যমান। অল্প কয়েক স্থানে মদের অপকারিতা ও কারো কারো জন্য মদপান নিষেধ বা অনুচিত বলা হয়েছে। যেমন লেবীয় যাজকদের জন্য বিশেষ কিছু সময়ে মদ নিষিদ্ধ (লেবীয় ১০/৯)। নাসরীয় (Nazarite) হলে তার জন্য মদ নিষিদ্ধ (গণনা/শুমারী ৬/৩; বিচারকর্তৃগণ ১৩/৪; ১৩/৭; ১৩/১৪)। এরূপ ব্যক্তিও শর্তসাপেক্ষ মদ খেতে পারবেন (গণনা ৬/২০)।

নবী, মহা ইমাম ও ইমামদের মদপান, মদের প্রশংসা, মদ পান করার ও করানোর নির্দেশ বা অনুমোদন, ঈশ্বরের উদ্দেশ্যে মদ মানত করা, মদ কোরবানি বা উৎসর্গ করা ইত্যাদি বিষয় জানতে পাঠক নিম্নের শ্লোকগুলো পড়তে পারেন। ইংরেজি যে কোনো ভার্শন পড়লেই চলবে। বাংলা বাইবেলে শ্লোকগুলো পড়ার সময় মনে রাখতে হবে ইংরেজি wine বা 'মদ' শব্দকে বাংলায় দ্রাক্ষারস, আঙ্গুর-রস, কিসমিস ইত্যাদি অনুবাদ করা হয়েছে।

আদিপুস্তক ১৪/১৮; ২৭/২৫; ২৭/২৮: ২৭/৩৭; ৪৯/১১-১২; যাত্রাপুস্তক ২৯/৪০; লেবীয় ২৩/১৩; গণনাপুস্তক ১৫/৫; ১৫/৭; ১৫/১০; ১৮/১২; ২৮/৭; ২৮/১৪; দ্বিতীয় বিবরণ ৭/১৩; ১১/১৪; ১২/১৭; ১৪/২৩; ১৪/২৬; ১৬/১৩; ১৮/৪; ২৯/৬; ৩৩/২৮; বিচারকর্তৃগণ/ কাজীগণ: ৯/১৩: ১ শমূয়েল ১/২৪; ১৬/২০; ২ রাজাবলি ১৮/৩২; ১ বংশাবলি ৯/২৯; ১২/৪০; ১৬/৩; ২ বংশাবলি ২/১০; ২/১৫; ১১/১১; ৩১/৫; ৩২/২৮; ইযরা ৬/৯; ৭/২২; আইউব ১/১৩; ১/১৮; যাবূর ৪/৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14476

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন